



## বঙ্গবন্ধুর আদলে দু'শ' খুদে শিক্ষার্থী

প্রকাশিত: ১৮ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ, ১৭ মার্চ ॥ পাকুন্দিয়ায় ব্যতিক্রমী আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮তম জন্মবার্ষিকী পালন করা হয়েছে। শনিবার সকালে উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রায় দুই শ' খুদে শিক্ষার্থী সেজেছিল বঙ্গবন্ধু শেখ মুজিবের আদলে। এ সময় তাদের পরনে ছিল পাজামা-পাঞ্জাবি। ওপরে মুজিব কোট, চোখে কালো চশমা। এ যেন শেখ মুজিবেরই প্রতিচ্ছবি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সিনিয়র যুগ্ম আহ্বায়ক রফিকুল ইসলাম রেনু ব্যতিক্রমী এ আয়োজন করে। সকালে তিনি খুদে মুজিব সৈনিকদের নিয়ে উপজেলা সদরে শোভাযাত্রা বের করেন।

শোভাযাত্রায় 'মুজিব মানে বাংলাদেশ, মুক্তিযুদ্ধ মানে শেখ মুজিব, শুভ শুভ শুভ দিন, বঙ্গবন্ধুর জন্মদিন' ইত্যাদি স্লোগানে মুখরিত হয়ে ওঠে। শোভাযাত্রায় ইউএনও অন্নপূর্ণা দেবনাথ, অন্যান্য কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় ইউপি চেয়ারম্যান ও স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা অংশ নেয়। পরে স্থানীয় শহীদ মিনারে গিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনের বিভিন্ন দিক তুলে ধরে শিশুদের বঙ্গবন্ধু সম্পর্কে ধারণা দেন উপজেলা চেয়ারম্যান রফিকুল ইসলাম রেনু।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বার্স: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

Developed By  
**Bikiran.Com**